



বিগত ১৫ বছরে মেগা প্রজেক্টের নামে লুটপাট করেছে: তারেক রহমান



বগুড়া নির্বাচনী জনসভায় তারেক রহমান। ছবি: সংগৃহীত

গত ১৫ বছরে মেগা প্রকল্পের আড়ালে বড় ধরনের দুর্নীতি হয়েছে বলে অভিযোগ তুলেছেন বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

বৃহস্পতিবার (২৯ জানুয়ারি) রাতে বগুড়া শহরের আলতাফুল্লাহা খেলার মাঠে আয়োজিত এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এ মন্তব্য করেন।

তারেক রহমান বলেন, সামনে যে নির্বাচন, তা কেবল সরকার পরিবর্তনের বিষয় নয়; বরং ভবিষ্যতের সরকার জনগণের কাছে কতটা দায়বদ্ধ থাকবে, সেটিও নির্ধারিত হবে এ নির্বাচনের মাধ্যমে। তাই ভোটকে ঘিরে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি। ১২ ফেব্রুয়ারি দেশের রাজনৈতিক দিকনির্দেশনা স্পষ্ট হবে বলেও উল্লেখ করেন।

তিনি দাবি করেন, ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিএনপির আমলে বগুড়াকে একটি মডেল জেলায় রূপ দেওয়া হয়েছিল। একই ধারায় দেশের বাকি জেলাগুলোকে গড়ে তোলার পরিকল্পনাও ছিল দলের। তবে তার ভাষায়, গত প্রায় ১৭ বছরে শুধু বগুড়া নয়, গোটা দেশই নানা দিক থেকে পিছিয়ে পড়েছে।

স্বাস্থ্যসেবা, কৃষি ও শিক্ষাব্যবস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। তারেক রহমান বলেন, বড় বড় প্রকল্পের নামে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি হয়েছে। ভবিষ্যতে রাষ্ট্র পরিচালনার সুযোগ পেলে দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হবে এবং সব ক্ষেত্রকে সঙ্গে নিয়ে দেশকে এগিয়ে নেওয়ার চেষ্টা করা হবে।